গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -২
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.১১৭.২৩.৬৩০

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০
০২ আগস্ট ২০২৩

বিষয়: **রিট পিটিশন নং ৮৫৮৫/২০২৩-এ হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং প্রদত্ত স্থগিতাদেশ ভ্যাকেটকরণের নিমিত্ত আপিল দায়েরকরণ প্রসঙ্গে।**

সূত্র: রিট পিটিশন নং ৮৫৮৫/২০২৩-এর রুলের কপি; তারিখ: ১১ জুলাই, ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ১ম শ্রেণির নন-ক্যাডার গেজেটেড প্রারম্ভিক শূন্য পদে সহকারী প্রকৌশলী (পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড)-এর ১৫৬(এক শত ছাপ্পান্ন)টি পদের অধিযাচনপত্র (Requisition) স্থানীয় সরকার বিভাগ-এর উন্নয়ন-১ শাখা হতে বাংলাদেশ সরকারী কর্মকমিশন-এ প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ২৬ জুন, ২০২৩ তারিখে উপর্যুক্ত অধিযাচন বাতিলের জন্য এ বিভাগের উপসচিব, উন্নয়ন-১ শাখা হতে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে পত্র দেওয়া হয়। ফলে ৪০তম বিসিএস নন-ক্যাডারে সুপারিশ প্রাপ্তির তালিকায় থাকা নন-ক্যাডার প্রার্থিগণের মধ্য থেকে পিটিশনার জনাব মো. নজরুল ইসলাম গং কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ রিট পিটিশন নং ৮৫৮৫/২০২৩ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে উন্নয়ন-১ শাখার অধিযাচন বাতিল সংক্রান্ত পত্রটির কার্যকারিতা ১১ জুলাই, ২০২৩ তারিখ হতে পরবর্তী ছয় মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় ৩নং প্রতিপক্ষ সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং ৭নং প্রতিপক্ষ উপসচিব, উন্নয়ন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৮৫৮৫/২০২৩-এ ১১ জুলাই, ২০২৩ তারিখে প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ ভ্যাকেটকরণের নিমিত্ত আপিল দায়ের করার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে......পাতা।

২-৮-২০২৩
মাহবুবা আইরিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +880255100995
ইমেইল: lglaw2@lgd.gov.bd

বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.১১৭.২৩.৬৩০/১(৬)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০
০২ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সলিসিটর (যুগ্ম সচিব), সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ
২) উপসচিব, উন্নয়ন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২-৮-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)